

1 (Sem-6/FYUGP) BEN 62 MJ

2026

BENGALI

(Major)

Paper : BEN0600204

(Pratibeshi Sahitya Path)

Full Marks : 60

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks
for the questions.*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪
- (ক) “ঐ আ ভাত লৈ আহা শূনিছনে? বোলো ভাত লৈ
আহা”—কার উক্তি?
- (খ) উকিলের সঙ্গে দেখা করতে পাতমুগি কোথায় গিয়েছিল?
- (গ) মহেশবাবুর বাড়িতে কার খুব আদর ছিল?
- (ঘ) ‘কফিন’ গল্পের মাধব কার ছেলে?
- (ঙ) রামচন্দ্র মঙ্গরাজ বৎসরে কয়টা একাদশী পালন করতেন?
- (চ) হরকলার আরেকটি নাম কী?

(ছ) 'পরমান্ন' গল্পটির লেখকের নাম লেখো।

(জ) 'দুহাজু' শব্দের অর্থ কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) :

২×৬=১২

(ক) "তোমার ভবি কিয় উকা হ'বলৈ দিম? বাপেবাই কি কর!" "উকা" শব্দের অর্থ কী? এখানে 'বাপেবাই' বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) "You are my father, তুমি মোর পিতাই; therefore you must behave like a gentleman." উক্তিটি লক্ষ্মীনাথ বেজবর্মার কোন গল্পের অংশ? এখানে বক্তা কে?

(গ) কাকীবুড়ি কে? তিলক উৎসবের দিন লাভলি লুকিয়ে তাকে কী খেতে দিয়েছিল?

(ঘ) 'শেষ কিস্তি' গল্পে কোন্ শহরের কথা রয়েছে? সেই শহর কীসের নেশায় হাবুডুবু খাচ্ছিল?

(ঙ) কাকে ওড়িয়া সাহিত্যের জনক বলা হয়? তাঁর লেখা একটি উপন্যাসের নাম লেখো।

(চ) মঙ্গরাজের মাসতুতো ভাইয়ের নাম কী? কুসঙ্গে পড়ে তিনি কী খেয়েছিলেন?

(ছ) "উপর দি গুড় গুড় দি আনেলে দি ধাইয়ানা দি মুং দি ডাল অফ দি লালটাইন"—কোন্ গল্পের অংশ? উক্তিটির বক্তা কে?

(জ) 'ইলিশ মাহের স্বাদ' গল্পে চাওবার দুই ছেলের নাম কী?

(ঝ) 'মাণিআবন্ধের শাড়ি' বলতে কী বোঝায়?

(ঞ) 'চক্রবৃদ্ধি' গল্পটি কার লেখা? গল্পের প্রধান চরিত্রের নাম কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "মোর মূৰটোৰে ভাত বান্ধি দিম নেকি? খৰি এডাল বুলিবলৈ নাই।" উক্তিটি কার? প্রসঙ্গটি আলোচনা করো।

(খ) রতনমুণ্ডার দোকানে জুমুরীর নূপুর কেনার ঘটনাটি বর্ণনা করো।

(গ) 'অমাবস্যার রাত' গল্পে শ্রীনগরের দালানকোঠার যে চিত্র রয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

(ঘ) 'শেষ কিস্তি' গল্পে অবলম্বনে মীরসাহেবের বেগমের পরিচয় দাও।

(ঙ) 'ছ মাণ আট গুষ্ঠ' অবলম্বনে চম্পা চরিত্রের পরিচয় তুলে ধরো।

(চ) মঙ্গরাজের পরিজনদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ছ) 'দুই নারী' গল্পে পার্বতীপ্রসাদ কীভাবে অঙ্গুরীকে বিয়ে করার অধিকার পেয়েছিল? আলোচনা করো।

(জ) "বাবা আমরার মাছ নিছেগি, আমরার মাছ নিছেগি।" মুক্তার এই চিৎকারের কারণ আলোচনা করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :

১০×২=২০

- (ক) 'পাতমুগি' গল্প অবলম্বনে পাতমুগি চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) ছোটগল্প হিসেবে অশোক মিত্রের 'রাত পোহাবার আগে' গল্পটির সার্থকতা বিচার করো।
- (গ) প্রেমচন্দ্রের 'দ্বিতীয় শৈশব' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) 'ছ মাণ আট গুঠ' উপন্যাস অবলম্বনে তখনকার সমাজজীবনের পরিচয় দাও।
- (ঙ) অসমীয়া ছোটগল্পে লক্ষ্মীনাথ বেজবরুয়ার অবদান সম্পর্কে আলোচনা করো।
